অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/2/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের পরিচ্ছন্ন, সাশ্রয়ী শক্তি প্রদানের জন্য 22টি বড়-স্কেলের পুনর্নবীকরণযোগ্য শক্তির প্রকল্পের ঘোষণা করেছেন

এখন পর্যন্ত রাজ্যের বৃহত্তম ভূমি-ভিত্তিক বৃহৎ-স্কেলের পুনর্নবীকরণযোগ্য প্রকল্পগুলির সংগ্রহ

620,000 এর বেশি নিউ ইয়র্কের গৃহকে শক্তি দেবে, ব্যক্তিগত বিনিয়োগে 2.7 বিলিয়ন ডলারের বেশি উৎসাহিত করবে এবং রাজ্য জুড়ে 3,000 কাজ সৃষ্টি করবে

রাজ্যে এখন 120টি সৌর, ভূমি-ভিত্তিক বায়ু এবং অফশোর উইন্ড প্রকল্প নির্মাণাধীন রয়েছে যা গ্রিডে 14,200 মেগাওয়াটের বেশি পরিচ্ছন্ন বিদ্যুৎ সরবরাহ করবে, যা পুনর্নবীকৃত উৎস থেকে নিউ ইয়র্কের বিদ্যুতের 66 শতাংশ প্রদান করবে

শূন্য-নির্গমন গ্রিডের পথে 2030 সালের মধ্যে নবায়নযোগ্য উৎস থেকে রাজ্যব্যাপী 70 শতাংশ বিদ্যুৎ পাওয়ার জন্য নিউ ইয়র্কের লক্ষ্য অর্জনের অগ্রগতি ত্বরান্বিত করে

গভর্নর ক্যাথি হোকল আজ 22টি বড় মাপের সৌর এবং শক্তি সঞ্চয় প্রকল্পের জন্য তহবিল প্রদান করার কথা ঘোষণা করেছেন যা অন্তত 20 বছরের জন্য 620,000 নিউ ইয়র্কের গৃহে বিদ্যুৎ প্রদান করার জন্য যথেষ্ট পরিচ্ছন্ন, সাশ্রয়ী শক্তি সরবরাহ করবে। এখন পর্যন্ত রাজ্যের বৃহত্তম ভূমি-ভিত্তিক পুনর্নবীকরণযোগ্য শক্তির সংগ্রহ হিসাবে, এই প্রকল্পগুলি বেসরকারী বিনিয়োগে 2.7 বিলিয়ন ডলার উৎসাহিত করবে এবং রাজ্য জুড়ে 3,000টিরও বেশি স্বল্প এবং দীর্ঘমেয়াদী চাকরি তৈরি করবে। আজকের প্রদানগুলি 2030 সালের মধ্যে নবায়নযোগ্য উৎস থেকে রাজ্যের 70 শতাংশ বিদ্যুতের প্রাপ্তির লক্ষ্য প্রাপ্ত করার জন্য অগ্রগতি ত্বরান্বিত করে, 2040 সালের মধ্যে জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) অনুযায়ী শূন্য-নির্গমন গ্রিডের পথে। এই প্রদানগুলি নবায়নযোগ্য উৎস থেকে নিউ ইয়র্কের 66 শতাংশের বেশি বিদ্যুতের জন্য রাজ্যের নবায়নযোগ্য পাইপলাইনকে শক্তিশালী করবে।

"আজকের বিনিয়োগগুলি নিউ ইয়র্ককে বসবাসের জন্য একটি সবুজতর স্থান হিসাবে গড়ে তুলবে এবং নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে এবং অর্থনৈতিক উন্নয়নকে উৎসাহিত করবে," **গভর্নর হোকল বলেন।** "এই প্রকল্পগুলি আমাদের কেবল পূরণ করতে নয়, বরং নবায়নযোগ্য সংস্থান থেকে আমাদের 70 শতাংশ বিদ্যুৎ পাওয়ার লক্ষ্যকে অতিক্রম করবে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে নিউ ইয়র্ককে একটি জাতীয় নেতা হিসাবে আরও প্রতিষ্ঠিত করবে।"

অঞ্চল অনুযায়ী 22টি বড় আকারের নবায়নযোগ্য শক্তি প্রকল্প হল:

Capital Region

- **স্টার্ন সোলার (Stern Solar):** একটি CS এনার্জি (CS Energy) অধিভুক্ত হিসেবে স্টার্ন সোলার LLC রেনসেলার কাউন্টির শ্যাঘটিকোক শহরে একটি 19.99-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে।
- **ফোর্ট এডওয়ার্ড সোলার ফার্ম (Fort Edward Solar Farm):** একটি বোরালেক্স (Boralex) অধিভুক্ত হিসেবে ফোর্ট এডওয়ার্ড সোলার LLC ওয়াশিংটন কাউন্টির ফোর্ট এডওয়ার্ড এবং আর্গিল শহরগুলিতে একটি 100-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে।
- **স্কচ রিজ সোলার (Scotch Ridge Solar):** একটি নেক্সাম্পের (Nexamp) অধিভুক্ত হিসেবে স্কচ রিজ সোলার LLC শেনেকট্যাডি কাউন্টির ডুয়ানেসবার্গ শহরে একটি 20-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে।
- **ELP স্টুইভেস্যান্ট সোলার (ELP Stuyvesant Solar):** একটি ইস্ট লাইট পার্টনারস (East Light Partners) অধিভুক্ত হিসেবে ELP স্টুইভেস্যান্ট সোলার LLC কলম্বিয়া কাউন্টির স্টুইভেস্যান্ট শহরে একটি 19.99-মেগাওয়াট সোলার ফ্যাসিলিটি তৈরি করবে।
- **ইস্টন সোলার ফার্ম (Easton Solar Farm):** একটি বোরালেক্স অধিভুক্ত হিসেবে ইস্টন সোলার LLC ওয়াশিংটন কাউন্টির ইস্টন শহরে একটি 20-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে।
- **ELP রটারডাম সোলার (ELP Rotterdam Solar):** একটি ইস্ট লাইট পার্টনারস অধিভুক্ত হিসেবে ELP রটারডাম সোলার LLC শেনেক্টাডি কাউন্টির রটারডাম শহরে একটি 19.99-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে।

কেন্দ্রীয় নিউ ইয়র্ক

- **হারভেস্ট হিলস সোলার 2 (Harvest Hills Solar 2):** একটি কানেক্টজেন (ConnectGen) অধিভুক্ত হিসেবে কানেক্টজেন কায়ুগা LLC (ConnectGen Cayuga County LLC) কায়ুগা কাউন্টির জেনোয়া এবং ভেনিস শহরগুলিতে একটি 100-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে।
- **সানইস্ট সিপিও সোলার (SunEast Scipio Solar):** একটি সানইস্ট ডেভেলপমেন্ট (SunEast Development) অধিভুক্ত হিসেবে SED NY হোল্ডিংস LLC কায়ুগা কাউন্টির সিপিও শহরে একটি 18-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে।

মোহাক ভ্যালি

- **মিল পয়েন্ট সোলার 2 (Mill Point Solar 2):** একটি কানেক্টজেন অধিভুক্ত হিসেবে কানেক্টজেন মন্টগোমারি কাউন্টি LLC (ConnectGen Montgomery County LLC) মন্টগোমারি কাউন্টির গ্লেন শহরে একটি 100-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে।
- **সানইস্ট ফ্ল্যাট ক্রিক II সোলার (SunEast Flat Creek II Solar):** একটি সানইস্ট ডেভেলপমেন্ট অধিভুক্ত হিসেবে সানইস্ট ফ্ল্যাট ক্রিক সোলার LLC

মন্টগোমারি কাউন্টির রুট শহরে একটি 100-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে।

- **নিউপোর্ট সোলার ফার্ম (Newport Solar Farm):** একটি বোরালেক্স অধিভুক্ত হিসেবে নিউপোর্ট ডিয়ারফিল্ড সোলার LLC অনেইডা এবং হারকিমার কাউন্টির ডিয়ারফিল্ড, মার্সি এবং নিউপোর্ট শহরগুলিতে একটি 130-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে।
- **ফুটহিলস সোলার ফার্ম (Foothills Solar Farm):** একটি বোরালেক্স অধিভুক্ত হিসেবে ফুটহিলস সোলার LLC ফুলটন কাউন্টির মেফিল্ড শহরে একটি 40-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে।
- **কলম্বিয়া সোলার এনার্জি সেন্টার (Columbia Solar Energy Center):** একটি EDF রিনিউইয়েব্লসের (EDF Renewables) অধিভুক্ত কলম্বিয়া সোলার এনার্জি সেন্টার LLC হারকিমার কাউন্টির কলম্বিয়া এবং লিচফিল্ড শহরগুলিতে 20 মেগাওয়াটের সহ-অবস্থিত শক্তির সঞ্চয়স্থান সহ একটি 350-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে৷

নর্থ কাউন্টি

- **রিচ রোড সোলার এনার্জি সেন্টার (Rich Road Solar Energy Center):** একটি EDF রিনিউয়েব্লস অধিভুক্ত হিসেবে রিচ রোড সোলার এনার্জি সেন্টার LLC সেন্ট লরেন্স কাউন্টির ক্যান্টন শহরে 20 মেগাওয়াটের সহ-অবস্থিত সঞ্চয়স্থান সহ একটি 240-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে৷
- **ফোর্ট কভিংটন সোলার ফার্ম (Fort Covington Solar Farm):** একটি বোরালেক্স অধিভুক্ত হিসেবে ফোর্ট কভিংটন সোলার LLC ফ্র্যাঙ্কলিন কাউন্টির ফোর্ট কভিংটন শহরে 77 মেগাওয়াটের সহ-অবস্থিত স্টোরেজ সহ একটি 250-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে।
- **রুজভেল্ট সোলার (Roosevelt Solar):** একটি রেনেসোলা পাওয়ার (ReneSola Power) অধিভুক্ত হিসেবে রেনেসোলা পাওয়ার হোল্ডিংস LLC (ReneSola Power Holdings LLC) সেন্ট লরেন্স কাউন্টির ম্যাসেনা শহরে 2 মেগাওয়াটের সহ-অবস্থিত স্টোরেজ সহ একটি 19.99-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে৷
- **মস রিজ সোলার (Moss Ridge Solar):** একটি বোরেগো সোলার (Borrego Solar) অধিভুক্ত হিসেবে মস রিজ সোলার 1 LLC সেন্ট লরেন্স কাউন্টির ডেকালব শহরে একটি 60-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে৷

সাউদার্ন টায়ার

- **ইয়েলো বার্ন সোলার (Yellow Barn):** একটি CS এনার্জি অধিভুক্ত হিসেবে ইয়েলো বার্ন সোলার LLC টম্পকিন্স কাউন্টির ল্যান্সিং এবং গ্রোটন শহরগুলিতে একটি 160-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

- **রিজ ভিউ সোলার এনার্জি সেন্টার (Ridge View Solar Energy Center):** একটি EDF রিনিউয়েব্লস অধিভুক্ত হিসেবে রিজ ভিউ সোলার এনার্জি সেন্টার, LLC নায়াগ্রা কাউন্টির হার্টল্যান্ড শহরে 20 মেগাওয়াটের সহ-অবস্থিত স্টোরেজ সহ একটি 350-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে৷

- **বিয়ার রিজ সোলার (Bear Ridge Solar):** একটি সাইপ্রেস ক্রিক রিনিউয়েব্লস (Cypress Creek Renewables) অধিভুক্ত হিসেবে বিয়ার রিজ সোলার LLC নায়াগ্রা কাউন্টির ক্যামব্রিয়া এবং পেন্ডলটন শহরে একটি 100-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে৷
- **আলফ্রেড ওকস সোলার (Alfred Oaks Solar):** একটি নর্থল্যান্ড পাওয়ার (Northland Power) অধিভুক্ত হিসেবে আলফ্রেড ওকস সোলার LLC অ্যালেগনি কাউন্টির আলফ্রেড শহরে 20 মেগাওয়াটের সহ-অবস্থিত স্টোরেজ সহ একটি 100-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে৷
- **ইয়র্ক রান সোলার (York Run Solar):** একটি CS এনার্জি অধিভুক্ত হিসেবে ইয়র্ক রান সোলার LLC চৌতাউকা কাউন্টির বুস্টি এবং কিয়ান্টোন শহরগুলিতে একটি 90-মেগাওয়াটের সোলার ফ্যাসিলিটি তৈরি করবে৷

নতুন চাকরি তৈরি করা
নিউ ইয়র্কের নবায়নযোগ্য শক্তির অগ্রগতির ফলে রাজ্য জুড়ে 30টিরও বেশি কাউন্টিতে স্থানীয় সম্প্রদায়গুলির জন্য উল্লেখযোগ্য বেসরকারি বিনিয়োগ, নতুন চাকরি এবং অর্থনৈতিক উন্নয়ন হয়েছে।

সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিতে বিনিয়োগ করা
নতুন তহবিল প্রাপ্ত প্রকল্পগুলির মাধ্যমে, বিকাশকারীরা রাজ্য জুড়ে সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিতে বিনিয়োগে প্রায় 86 মিলিয়ন ডলার প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে, যার মধ্যে সম্প্রদায়-ভিত্তিক বিনিয়োগ, যেমন নতুন পেশাগত শিক্ষানবিশী, স্কলারশিপ প্রোগ্রাম এবং স্থানীয় সুবিধাবঞ্চিত সম্প্রদায়কে সমর্থন করার উপর দৃষ্টি নিবদ্ধ করা গ্রীষ্মকালীন ক্যাম্পগুলি। উপরন্তু, সমস্ত বিকাশকারীরা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যে প্রকল্প নির্মাণের সাথে যুক্ত শ্রমিকদের একটি প্রচলিত মজুরি প্রদান করা হয়, যা NYS শ্রম বিভাগ (NYS Department of Labor) দ্বারা নির্ধারিত একটি মান।

পরিবেশগত সুরক্ষাকে অগ্রাধিকার দেওয়া
টানা পাঁচ বছর ধরে, নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) মার্কিন যুক্তরাষ্ট্রে সব চেয়ে উচ্চাভিলাষী পরিচ্ছন্ন শক্তির এজেন্ডা বাস্তবায়নের অঙ্গীকারবদ্ধতা প্রদর্শন করেছে। এই নতুন প্রকল্পগুলির যোগদানের সাথে, NYSERDA একটি নবায়নযোগ্য শক্তির পাইপলাইন নির্মাণের পথে রয়েছে যা রাজ্যের দুই-তৃতীয়াংশের সমান শক্তি দিতে সক্ষম৷ এই প্রকল্পগুলি বার্ষিক আনুমানিক 4.5 মিলিয়ন মেগাওয়াট-ঘন্টার পুনর্নবীকরণযোগ্য শক্তি উৎপন্ন করবে, যা 620,000 টিরও বেশি গৃহে বিদ্যুৎ সরবরাহের জন্য যথেষ্ট, এবং বার্ষিক 2.2 মিলিয়ন মেট্রিক টন কার্বন নির্গমন হ্রাস করবে, যা প্রতি বছর 492,000-এর বেশি গাড়ি রাস্তা থেকে সরিয়ে নেওয়ার সমতুল্য। 6টি তহবিলপ্রাপ্ত প্রকল্পগুলিকে শক্তি সঞ্চয় ব্যবস্থা প্রদান করা হবে, যার মধ্যে 159 মেগাওয়াট ইউটিলিটি-স্কেল শক্তি সঞ্চয় ক্ষমতা রয়েছে যা বৈদ্যুতিক গ্রিডে পুনর্নবীকরণযোগ্য শক্তি সংস্থানগুলির একত্রীকরণকে উন্নত করবে।

নিউ ইয়র্কবাসীদের জন্য খরচ কমানো

চুক্তির মধ্যে রয়েছে একটি সূচক REC কাঠামো যা গ্রাহকদের জ্বালানির দামের সম্ভাব্য বৃদ্ধির বিরুদ্ধে সাহায্য করে, যাতে বিদ্যুতের দাম বাড়লে টিয়ার 1 প্রোগ্রামের খরচ কমে যায়। প্রকল্পগুলি চালু হওয়ার পরে সাধারণ আবাসিক গ্রাহকের জন্য গড় রাজ্যব্যাপী বিলের প্রভাব প্রতি মাসে প্রায় 0.13 হবে। প্রতি মেগাওয়াট-ঘণ্টা $63.08 এর ওজনযুক্ত-গড় সর্বব্যাপী উন্নয়নের ব্যয় সহ মোট প্রকল্পের খরচ, আরও দেখায় যে ভূমি-ভিত্তিক পুনর্নবীকরণযোগ্য শক্তিগুলি প্রতিযোগিতামূলক মূল্যের পুনর্নবীকরণযোগ্য শক্তির সংস্থানগুলি উৎপন্ন করে যা রাজ্যের লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ সুবিধা প্রদান করে। এই প্রদানগুলির অধীনে NYSERDA এর অর্থপ্রদান শুরু হবে প্রকল্পগুলি সমস্ত প্রয়োজনীয় পারমিট এবং অনুমোদন প্রাপ্ত হয়ে গেলে এবং নিউ ইয়র্ককে শক্তি প্রদান করার জন্য চালু হয়ে গেলে।

এই নতুন পুরস্কৃত প্রকল্পগুলি নিউ ইয়র্কের বৃহৎ আকারের নবায়নযোগ্য শক্তি প্রকল্পগুলির শক্তিশালী পাইপলাইনে যোগদান করবে, যার মধ্যে আছে নির্মাণাধীন 120টিরও বেশি সৌর, ভূমি-ভিত্তিক বায়ু এবং অফশোর বায়ু প্রকল্প যা গ্রিডে 14,200 মেগাওয়াট পরিচ্ছন্ন বিদ্যুৎ সরবরাহ করবে সম্পূর্ণ হওয়ার পর - যা প্রায় সাড়ে পাঁচ মিলিয়ন নিউ ইয়র্কের গৃহে বিদ্যুৎ প্রদান করার জন্য যথেষ্ট। সম্প্রতি ঘোষিত ক্লিন পাথ নিউ ইয়র্ক এবং চ্যামপ্লেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস সবুজ শক্তি পরিকাঠামো প্রকল্পগুলির সাথে রাজ্য জুড়ে ইতিমধ্যেই চলমান 250 মাইল নতুন বড় আপগ্রেডের নেতৃত্বে নতুন সবুজ শক্তি ট্রান্সমিশন তৈরির জন্য রাজ্যের প্রতিশ্রুতি, নবায়নযোগ্যগুলির বর্তমান পাইপলাইনকে চালু হলে নবায়নযোগ্য উৎস থেকে নিউ ইয়র্কের বিদ্যুতের 66 শতাংশের বেশি শক্তি সরবরাহ করতে দেবে।

ডরিন এম হ্যারিস, প্রেসিডেন্ট এবং সিইও NYSERDA এবং জলবায়ু অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) কো-চেয়ার বলেছেন, "আজ পর্যন্ত প্রদত্ত প্রকল্পগুলির বৃহত্তম পোর্টফোলিওর সাথে, নিউ ইয়র্ক ইতিমধ্যেই একটি বিশাল নবায়নযোগ্য শক্তির পাইপলাইনকে শক্তিশালী করছে যা আগামী বছরগুলির জন্য রাজ্য জুড়ে হাজার হাজার পরিবারকে ক্রমবর্ধমান পরিমান পরিচ্ছন্ন এবং সাশ্রয়ী বিদ্যুত সরবরাহ করার অবস্থায় আছে। NYSERDA পুরস্কৃত ডেভেলপারসমূহ, স্থানীয় আয়োজক সরকার এবং কমিউনিটি স্টেকহোল্ডারদের সাথে প্রকল্পের উন্নয়ন প্রক্রিয়া জুড়ে দায়িত্বশীলভাবে প্রকল্পগুলি স্থাপন করার জন্য স্থান পেতে কাজ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ, যার মধ্যে প্রধান কৃষি জমির সুরক্ষা রয়েছে এবং নিশ্চিত করা যে তারা সময় মত সমাপ্তির রেখা অতিক্রম করে।"

নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগের (New York State Department of Labor) কমিশনার রবার্টা রেয়ার্ডন বলেছেন, "নিউ ইয়র্ক স্টেটের সবুজ অর্থনীতির সম্প্রসারণ স্থির গতিতে অগ্রসর হওয়া অব্যাহত রেখেছে। এই পুনর্নবীকরণযোগ্য শক্তির প্রকল্পগুলি জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে বিশ্বব্যাপী লড়াইয়ে অগ্রগামী হিসাবে আমাদের অবস্থানকে দৃঢ় করে, আমাদের পরিবেশগত সম্পদকে রক্ষা করে এবং অর্থনৈতিক পুনরুজ্জীবনকে উদ্দীপিত করে, যা রাজ্যব্যাপী নিউ ইয়র্কবাসীদের জন্য অভূতপূর্ব ক্যারিয়ারের সুযোগ নিয়ে আসে। নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ নিউ ইয়র্কবাসীডের মানসম্পন্ন প্রশিক্ষণের সুযোগের সাথে সংযুক্ত করতে সাহায্য করার জন্য প্রস্তুত রয়েছে যাতে তারা এই উদীয়মান খাতে তাদের পছন্দের ক্যারিয়ার খুঁজে পেতে পারে।"

নিউ ইয়র্ক রাজ্যের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেছেন, "নিউ ইয়র্ক স্টেট পদক্ষেপ নিচ্ছে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে জাতীয়ভাবে নেতৃত্ব দিচ্ছে। এই নবায়নযোগ্য শক্তির প্রকল্পগুলি আমাদের রাজ্যের 2030 সালের এবং তার পরেরও নবায়নযোগ্য শক্তির লক্ষ্যের উদ্দেশ্যে একটি বড় পদক্ষেপ। আমি গর্বিত যে আমাদের পরিবেশ সংক্রান্ত প্রচেষ্টাগুলির মধ্যে কৃষি রয়েছে, যা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে যখন আমরা সবাই গ্রিনহাউস গ্যাস নির্গমন কমাতে এবং ভবিষ্যত প্রজন্মের জন্য আমাদের প্রাকৃতিক সম্পদ সংরক্ষণের জন্য এক সাথে কাজ করছি।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশনের (Department of Environmental Conservation) কমিশনার এবং ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) কো-চেয়ার বাসিল সেগোস বলেছেন, "নিউ ইয়র্কের উচ্চাভিলাষী এবং দেশের নেতৃস্থানীয় শক্তির লক্ষ্যগুলির সাথে, আমরা প্রকৃত ফলাফল প্রদান করা চালিয়ে যাচ্ছি এবং নিউ ইয়র্কবাসীদের জন্য পুনর্নবীকরণযোগ্য এবং সাশ্রয়ী মূল্যের শক্তি আনতে বিভিন্ন ধরণের প্রকল্পে বড় বিনিয়োগ করছি। এই সৌর এবং শক্তি সঞ্চয়ের প্রকল্পগুলি হাজার হাজার কর্মসংস্থান সৃষ্টি করবে, সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিতে বিনিয়োগ করবে এবং জনস্বাস্থ্যের উন্নতি করতে, আমাদের পরিবেশকে রক্ষা করতে এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য একটি টেকসই ভবিষ্যত প্রদান করতে আমাদের সাহায্য করার জন্য পুনর্নবীকরণযোগ্যগুলিতে ব্যক্তিগত বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তুলবে।"

রাজ্য সিনেটর কেভিন পার্কার বলেছেন, "সেনেট এনার্জি অ্যান্ড টেলিকমিউনিকেশন কমিটির (Senate Energy and Telecommunications Committee) চেয়ারম্যান হিসেবে, আজকের ঘোষণায় আমি গর্বিত। এই উদ্যোগটি সাশ্রয়ী মূল্যের পরিচ্ছন্ন শক্তি সরবরাহ করবে যা নিউ ইয়র্কের অর্ধ মিলিয়নেরও বেশিকে শক্তি প্রদান করবে এবং তার সাথে নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দাদের জন্য গ্রিন কলারের চাকরি তৈরি করবে। যখন আমরা জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করার জন্য কাজ করছি এটি আমাদের রাজ্যের জন্য একটি বিশাল জয়, এবং আমি গভর্নর হোকল এবং NYSERDA-কে তাদের ভিশন এবং নেতৃত্বের জন্য সাধুবাদ জানাই। আমি এই প্রকল্পের সম্প্রসারণ দেখার জন্য উন্মুখ।"

অ্যালায়েন্স ফর ক্লিন এনার্জির (Alliance for Clean Energy) নির্বাহী পরিচালক অ্যান রেনল্ডস বলেছেন, "আজকের 22টি উত্তেজনাপূর্ণ নতুন পরিচ্ছন্ন শক্তির প্রজেক্ট পুরষ্কারের ঘোষণাটি দেখায় যে নিউ ইয়র্ক স্টেট আমাদের বৈদ্যুতিক গ্রিড পরিষ্কার করার জন্য তার দৃঢ় প্রতিশ্রুতি অব্যাহত রেখেছে এবং নবায়নযোগ্য শক্তি শিল্প নিউ ইয়র্কে বিকাশ ও বিনিয়োগের জন্য গুরুত্ব সহকারে এগিয়ে আসছে। আমরা এই প্রকল্পগুলি যে নির্মাণ সংক্রান্ত কাজ এবং দূষণমুক্ত বিদ্যুৎ সরবরাহ করবে তার জন্য অপেক্ষা করছি।"

নিউ ইয়র্ক লিগ অফ কনজারভেশন ভোটারের (New York League of Conservation Voters) সভাপতি জুলি টাইগ বলেছেন, "নিউ ইয়র্ক স্টেটের জীবাশ্ম জ্বালানী নির্গমন কমাতে এবং CLCPA-তে লক্ষ্য অর্জনের জন্য পরিচ্ছন্ন শক্তি প্রয়োজন। টিয়ার 1 পুনর্নবীকরণযোগ্য পুরস্কার হল একটি সম্মুখে এক দুর্দান্ত পদক্ষেপ যা রাজ্যকে কেবল 2030 এর জন্য আমাদের

পুনর্নবীকরণযোগ্য লক্ষ্যগুলি পূরণ করতেই নয় এবং আমাদেরকে শূন্য-নির্গমন গ্রিডের পথে অগ্রসর হতে সাহায্য করবে৷ অধিকন্তু, এটি দেখায় যে নবায়নযোগ্য শক্তি শিল্প উদ্ভাবনী সবুজ শক্তি অর্থনীতিতে বিনিয়োগ করতে কতটা প্রতিশ্রুতিবদ্ধ যা আমাদের অঞ্চলকে ভবিষ্যতের উদ্দেশ্যে নিয়ে চলেছে।"

নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে৷ জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418